



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd



জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক
প্রদানের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ ফজলে এলাহী
উপসচিব
সভার তারিখ : ১৫ জুন ২০২১ খ্রি.
সভার সময় : সকাল ১০:৩০ টা
স্থান : ভারুয়াল
উপস্থিতি : পরিশিষ্ট-ক


সভাপতি সভায় ভারুয়ালি উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে শুদ্ধাচার সম্পর্কে গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের সহকারী সচিব (বাজেট) আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০২। সহকারী সচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম [১.৭] আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করা প্রয়োজন। তিনি মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বিষয়ে সভায় উপস্থাপন করেন, যেগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় গুরুত্বপূর্ণ মতামত প্রদানের জন্য সকলকে সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) দপ্তর/সংস্থা কর্তৃক ২২ জুন ২০২২ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানপূর্বক পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;
- খ) DPP অনুযায়ী প্রতিটি প্রকল্পের জন্য ১টি করে PIC সভা প্রতি কোয়ার্টারে করতে হবে;
- গ) ২০২১-২২ অর্থবছরের মধ্যে যে সকল প্রকল্প সমাপ্ত হবে এর তালিকা সন্নিবেশ করতে হবে; এবং
- ঘ) দপ্তর/সংস্থাসমূহের মাঠ পর্যায়ের অফিস বা আওতাধীন ফেডারেশন/ক্রীড়া সংস্থার গৃহীত কার্যক্রমগুলো যেন সঠিকভাবে বাস্তবায়িত হয় সে রূপ কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৪। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ ফজলে এলাহী
উপসচিব


(অ:পূ:দ্র:)

নং ৩৪.০০.০০০০.০৪৫.০৫.০১০.২১. ১৬২

তারিখ: ০২ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
১৬ জুন ২০২১ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
- ৩) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
- ৪) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
- ৫) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
- ৬) শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৮) সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৯) সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০) অফিস কপি।


১৬/০৬/২০২১
এস. এম. হুমায়ুন কবির
সহকারী সচিব